


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
www.ebek-rdcd.gov.bd

স্মারক নং: এবাএখা/প্রশা/হবিগঞ্জ/৬৫/২০১৬ - ৫৬৫০

তারিখ: ১৫.০৬.২০২১ খ্রি।

বিষয়: উপজেলা সমন্বয়কারী জনাব মো: তোফাজ্জল হোসেন (সাময়িক বরখাস্ত) এর বিষয়ে প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

জনাব মো: তোফাজ্জল হোসেন, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, লাখাই, হবিগঞ্জ-এর বিরুদ্ধে অফিসের কাজে চরম গাফিলতি, প্রায়শই উর্ধ্বতন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অফিসে অনুপস্থিতি, বিলম্বে অফিসে উপস্থিত হওয়াসহ নানাবিধ বিষয়ে অভিযোগ পাওয়া যায়। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত সাকুলার নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০, তারিখ: ১২/০৪/২০২১ এর ধারা(ক) অনুযায়ী সকল সরকারী কর্মকর্তা/ কর্মচারী নিজ নিজ কর্মস্থলে থাকার নির্দেশনা এবং প্রকল্প সদর দপ্তরে নির্দেশনা থাকা সত্ত্বেও তিনি বিগত ১৫.০৪.২০২১ তারিখ হতে নিজ কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এ বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে কর্মস্থল ত্যাগের কথা জানান। বিভিন্ন অভিযোগের ভিত্তিতে প্রকল্পের সদর দপ্তর হতে ২২.০৪.২০২১ খ্রি. তারিখের স্মারক এবাএখা/প্রশা/হবিগঞ্জ/৬৫/২০১৬-৫২০৩ নং মূলে তাঁকে প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হয়। এমতাবস্থায়, তাঁর সার্বিক কর্মকান্ডের বিষয়ে একটি প্রতিবেদন প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।



(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (অতিরিক্তি সচিব)

ফোনঃ ০২-৯৩৫৯০৮৩, ফ্যাক্সঃ ০২-৯৩৪৮২০৬
headoffice@ebek-rdcd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, লাখাই, হবিগঞ্জ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৩. জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, হবিগঞ্জ।
৪. উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, লাখাই, হবিগঞ্জ।
৫. জনাব.....।
৬. সংশ্লিষ্ট নথি